

০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৭জি-৩১৮(ক-৩)/০৫(অংশ-১)/০৪০৬/৬

তারিখ: ২৪/১১/২০১৯ খ্রি।

বিষয়: খুলনা জেলার তেরখাদা উপজেলাধীন নর্থ খুলনা ডিগ্রী কলেজের জনাব আবু হেনা মোহাম্মদ মনিরুল হক এবং জনাব শেখ মো: ফরিদ উদ্দিন এর বকেয়া বেতনভাতা প্রদান।

সূত্র: (১) কলেজের স্মারক নং- নখক/বকেয়া বিল ৪৬১, তারিখ: ১৯/০৭/২০১৯খ্রি।

(২) কলেজের স্মারক নং- নখক/বকেয়া বিল ৪৪৯, তারিখ: ১৩/০৫/২০১৮খ্রি.)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার তেরখাদা উপজেলাধীন নর্থ খুলনা ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জনাব আবু হেনা মোহাম্মদ মনিরুল হক ২১/০৭/২০১৫খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত হন। গভর্ণিং বডি ১৮/০৮/২০১৭খ্রি. তারিখে তাঁর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করেন। সাময়িক বরখাস্তাকালীন জনাব আবু হেনা মোহাম্মদ মনিরুল হক এর ২,৯৮,৫২৪/- (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত চব্বিশ) টাকা বকেয়া প্রাপ্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন (সূত্রোক্ত পত্র-১)।

কলেজের জনাব শেখ মো: ফরিদ উদ্দিন, প্রভাষক(ইসলাম শিক্ষা) ০৩/০৬/২০১৩খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত হন। গভর্ণিং বডি ০৬/০৯/২০১৭খ্রি. তারিখে তাঁর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করেন। সাময়িক বরখাস্তাকালীন জনাব শেখ মো: ফরিদ উদ্দিন এর ৬,১২,৭০০/- (ছয় লক্ষ বার হাজার সাতশত) টাকা বকেয়া প্রাপ্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন(সূত্রোক্ত পত্র-২)।

বকেয়া প্রদানের বিষয়ে জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) ধারায় উল্লেখ আছে- “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

AKA ৯৬  
২৪.১১.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

নর্থ খুলনা ডিগ্রী কলেজ, তেরখাদা, খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, নর্থ খুলনা ডিগ্রী কলেজ, তেরখাদা, খুলনা।।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
- ৫। জনাব . . . . .
- ৬। সংরক্ষণ নথি।